



সিলেট চেম্বার আয়োজিত 'দ্রুত অগ্রগতির সোপানে বাংলাদেশ : সিলেটের ভূমিকা' শীর্ষক সেমিনারে বাংলাদেশ  
ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনসহ অন্যরা

ছবি : নিজস্ব আলোকচিত্রী

## সিলেট চেম্বারের সেমিনারে ড. ফরাসউদ্দিন দেশের অগ্রগতির জন্য শিল্পায়নের বিকল্প নেই

বণিক বার্তা প্রতিনিধি = সিলেট

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেছেন, দেশের অগ্রগতির জন্য শিল্পায়নের বিকল্প নেই। কিন্তু সিলেট অঞ্চল এক্ষেত্রে পিছিয়ে রয়েছে। এ অঞ্চলের উন্নয়নের জন্য শিক্ষা ও শিল্প বিনিয়োগ বাড়াতে হবে।

গতকাল সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত সেমিনারে তিনি এসব কথা বলেন।

'দ্রুত অগ্রগতির সোপানে বাংলাদেশ : সিলেটের

ভূমিকা' শীর্ষক এ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

সিলেট চেম্বারের সভাপতি সালাউদ্দিন আলী আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রথম আলো সম্পাদক মিডিয়ুনের রহমান, আইন ও শালিস কেন্দ্রের নির্বাহী পরিচালক সুলতানা কামাল প্রমুখ।

মূল প্রবন্ধে ড. ফরাসউদ্দিন বলেন, সিলেট খনিজ সম্পদে সমৃদ্ধ অঞ্চল। এখানে রয়েছে গ্যাসের

বিপুল ভাণ্ডার। এছাড়া সম্প্রতি ইউরেনিয়াম পাওয়ার বিষয়টিও নিশ্চিত হওয়া গেছে। এছাড়া দেশে প্রতি বছর যে বৈদেশিক মুদ্রা আসে, তার বড় অংশই পাঠাচ্ছেন সিলেটিক। তবে এ অর্থের বড় অংশই ব্যয় হচ্ছে অর্থহীন বাহারি অট্টালিকা আর বড় শপিংমলে।

তিনি আরো বলেন, একসময় সিলেট পুরো দেশের মধ্যে শিক্ষায় এগিয়ে ছিল। এখন লেখাপড়ার ক্ষেত্রে সিলেটের অবস্থা অনেক খারাপ। শিক্ষায় বিনিয়োগকে সবচেয়ে অগ্রাধিকার দিতে হবে। শিক্ষাক্ষেত্রে উন্নতি না হলে সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়।

সিলেট চেম্বারের হলুরংমে আয়োজিত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিলেট মেট্রোপলিটন চেম্বার অব কমার্সের সভাপতি ড. তৌফিক হোসেন চৌধুরী, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আনোয়ার হোসেন, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সাবেক চেয়ারম্যান ফখরউদ্দিন আলী আহমদ প্রমুখ।